# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
web : www.islamicfoundation.gov.bd

বিষয় ঃ ২৩/০২/২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের ১৪৬তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব আনিস মাহমুদ (অতিরিক্ত সচিব) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| সভার স্থান | : ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের ২য় তলার সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : ২৩/০২/২০২০ খ্রি. বেলা-১০ : ৩০মিঃ। |
| উপস্থিতি | : সভায় উপস্থিতির হাজিরা সীট 'ক' পতাকায় সংযুক্ত। |

২৩/০২/২০২০ ইং তারিখ রবিবার, বেলা ১০:৩০টায় ২য় তলা সভাকক্ষে ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের পরিচালক, প্রকল্প পরিচালকগণের উপস্থিতিতে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আনিস মাহমুদ এর সভাপতিত্বে ১৪৬তম মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভার আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কর্মসূচি চুড়ান্তকরণ কল্পে গত ০৬/০২/২০২০ তারিখে মহাপরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, প্রকল্প কার্যালয়, ইসলামিক মিশন, ইমাম প্রশিক্ষণ একাডেমি, সকল জেলা কার্যালয়ে গত ১৬/০২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। | ০৬.০২.২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় অনুমোদিত কর্মসূচি স্ব স্ব পর্যায়ে যথাযথ গুরুত্ব ও ভাবগাম্ভীর্যের সাথে প্রতিপালন নিশ্চিত করতে হবে। | ১. প্রকল্প পরিচালক<br>২. সচিব<br>৩. পরিচালক/উপ-পরিচালক সকল জেলা। |
| ০২ | জাতীয় ইমাম সম্মেলন এবং জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতা জাতীয় পর্যায়ে অনুষ্ঠান | ক) জাতীয় ইমাম সম্মেলন এবং জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতা ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ খ্রি. ৩ (তিন) বছরের জাতীয় পর্যায়ে ২টি অনুষ্ঠান একত্রে আয়োজনের লক্ষ্যে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির বিষয়ে মাননীয় ধর্ম প্রতিমন্ত্রীর সাথে আলোচনা সাপেক্ষে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | জাতীয় পর্যায়ে শিশু-কিশোর প্রতিযোগিতা এবং জাতীয় ইমাম সম্মেলন অনুষ্ঠানের তারিখ ও মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি পাওয়া গেলে যথাসময়ে আগারগাঁওস্থ কার্যালয়ে ৮টি বিভাগীয় পর্যায়ের ৭টি বিষয়ে প্রতিযোগিদের জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ইমাম বাছাই কার্যক্রম সম্পন্ন করা হবে। | পরিচালক সমন্বয় বিভাগ ও পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি। |
| ০৩ | ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠান; | ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ে প্রতিষ্ঠা বার্ষিকী মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রধান মেহমান ও স্থান নির্ধারণের পর অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করা যেতে পারে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে প্রধান কার্যালয়ে ২২ মার্চ প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠান আয়োজন করা হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ |
| ০৪ | মুজিববর্ষ ২০২০ সামনে রেখে প্রধান কার্যালয়ের সকল বিভাগ, প্রকল্প কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা; | মুজিববর্ষ ২০২০ সামনে রেখে গ্রাম ও শহরের সকল মসজিদ, দাপ্তরিক কার্যালয়, পরিস্কার-পরিচ্ছন্নতা করার স্বল্প মেয়াদী, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করে নিজ নিজ দপ্তর পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য প্রধান কার্যালয়ের সকল বিভাগ, প্রকল্প কার্যালয় এবং ৬৪ জেলা কার্যালয়ে গত ১১/১২/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | ক) পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে প্রথম পর্যায়ে প্রধান কার্যালয়ের সীমানা প্রাচীর রং করা, দ্বিতীয় পর্যায়ে নতুনভাবে সীমানা প্রাচীন নির্মাণ ও প্রধান কার্যালয়ের মূল ভবনের ভিতর ও বাহিরে রং করা হবে।<br>খ) প্রশাসন বিভাগ কর্তৃক একটি লিফট নতুনভাবে স্থাপনের বিষয়ে বাজেটের আলোকে পিপিআর (সংশোধনী) ২০১৯ অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) ইমাম প্রশিক্ষণ একাডেমির নিজস্ব লিফট স্থাপনের বিষয়ে পরিচালক, | সচিব, ইসলামিক ফাউন্ডেশন এবং প্রশাসন বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ইমাম প্রশিক্ষণ একাডেমি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br>ঘ) আগারগাঁও অফিসের পেছনে কারপার্কিংয়ের ব্যবস্থা করতে হবে। ইসলামিক মিশন ও বই বিক্রয় কেন্দ্রের সামনে কোনো গাড়ী পার্ক করা যাবে না।<br>ঙ) ইসলামিক ফাউন্ডেশনের নতুন/ টেকসই একটি সাইনবোর্ড প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>চ) প্রধান কার্যালয়ের ২য় তলা সভা কক্ষের জন্য চেয়ারের সংখ্যা অনুপাতে গুনগত ও মানসম্পন্ন নতুন সাউন্ড সিস্টেম স্থাপন করতে হবে।<br>ছ) ক্রমিক ক হতে চ-তে বর্ণিত বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :<br>১. উপ-সচিব, ইফা, আহ্বায়ক<br>২. উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন<br>৩. উপপরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি<br>৪. সহকারী ব্যবস্থাপক, ইফা প্রেস<br>৫. জনাব সাইফুল ইসলাম, সহকারী পরিচালক, মউশিক<br>৬. জনাব মুস্তাফিজুর রহমান, উপ-পরিচালক, মউশিক<br>ছ) প্রধান কার্যালয়ের সকল বিভাগ; প্রকল্প কার্যালয় দপ্তর, অফিসের চারিপার্শ্বে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। | পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি।<br>উপ-সচিব, ইসলামিক ফাউন্ডেশন।<br>সংশ্লিষ্ট কমিটি।<br>সকল পরিচালক এবং প্রকল্প পরিচালক। |
| ০৫ | ৬৪ জেলা, উপজেলা পর্যায়ে ৫৬০ মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি; | ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা, উপজেলা পর্যায়ে ৫৬০ মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের নির্মাণ কাজের ডিপিপি অনুযায়ী সম্পন্ন করা যেতে পারে।<br>খ) ৬৪ জেলার সকল উপজেলায় মডেল মসজিদ নির্মাণ কাজের প্রতি মাসে অগ্রগতির রিপোর্ট প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রকল্প কর্মকাণ্ডের নিমিত্ত মনিটরিং এর জন্য জেলা কার্যালয়ের কার্যাবলীসহ সমন্বয় সভার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প |
| ০৬ | মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের কার্যক্রম; | মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশিত পুস্তক ৬৪ জেলায় দ্রুত প্রেরণ এবং বাইরে প্রকাশনার পুস্তক বাছাই সম্পন্ন করে বাছাই কমিটির সভা আহবান করার বিষয়ে আলোচনা হয়। | ক) মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশিত পুস্তক ৬৪ জেলায় দ্রুত প্রেরণ এবং বাইরে প্রকাশনার পুস্তক বাছাই সম্পন্ন করার জন্য বাছাই কমিটির সভা জরুরী আহবান করতে হবে।<br>খ) মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের মাধ্যমে পাঠ্যাভ্যাস বৃদ্ধির বিষয়ে উদ্ভাবনী কর্মসূচি গ্রহণ করতে হবে।<br>গ) বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/ উপপরিচালকগণ গণশিক্ষা কেন্দ্রের সাথে মসজিদ পাঠাগার শক্তিশালীকরণ প্রকল্পের ৬৪ জেলার ৫৫৫টি মডেল লাইব্রেরীও পরিদর্শন | প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার ও<br>পরিচালক, সমন্বয় বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করতে হবে। | |
| ০৭ | মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৭ম পর্যায় প্রস্তাবিত ডিপিপির অগ্রগতি; | মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৭ম পর্যায় প্রস্তাবিত ডিপিপি পিইসি সভার জন্য প্রক্রিয়াধীন রয়েছে। জনবলের সিদ্ধান্তের জন্য বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে। উক্ত বিষয়ে প্রকল্প কার্যালয় এবং পরিকল্পনা বিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৭ম পর্যায় প্রস্তাবিত ডিপিপির অগ্রগতি বিষয়ে পরিকল্পনা বিভাগ এবং প্রকল্প কার্যালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক পরিকল্পনা বিভাগ |
| ০৮ | ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগের কার্যক্রম | ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগ হতে মোট ৪০০০ শিরোনামের পুস্তক মুদ্রণ করা হয়েছে, অনেক গুরুত্বপূর্ণ পুস্তকের চাহিদা আছে। কিন্তু মুদ্রিত হচ্ছে না। প্রকাশিত বইয়ের মধ্যে যে সকল বইয়ের চাহিদা রয়েছে পর্যালোচনার মাধ্যমে সে সকল বইয়ের তালিকা তৈরি করা যেতে পারে। | ক) ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগ হতে প্রকাশিত বইয়ের মধ্যে যে সকল বইয়ের গুরুত্ব ও চাহিদা রয়েছে তা যাচাই-বাছাই পূর্বক পুস্তক মুদ্রণের তালিকা তৈরি করতে হবে।<br>খ) কি কি বই এ বছর মুদ্রণ করা প্রয়োজন নিম্নোক্ত কমিটি ২৫/৩/২০২০ তারিখের মধ্যে একটি তালিকা প্রস্তুত করবেন।<br>১. পরিচালক, হালাল বিভাগ, আহ্বায়ক<br>২. সহকারী পরিচালক, অর্থ ও হিসাব<br>৩. প্রকল্প পরিচালক, লাইব্রেরী প্রকল্প<br>৪. প্রকাশনা কর্মকর্তা, প্রকাশনা বিভাগ<br>৫. জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, সদস্য-সচিব | গঠিত কমিটি |
| ০৯ | ই-ফাইলিং চালু; | মুজিববর্ষ উপলক্ষ্যে ১৭/০৩/২০২০ থেকে প্রধান কার্যালয়ের নথি কার্যক্রম ই-ফাইলিং সার্বজনীন করা হবে। ইতোমধ্যে ই-ফাইলিং বাস্তবায়নের লক্ষ্যে ২৩, ২৪ ও ২৫ ফেব্রুয়ারী-২০২০ প্রধান কার্যালয়ের ১৪টি বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের ১ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। ৬৪ জেলা কার্যালয়ে জেলা প্রশাসকের সহযোগিতায় ই-ফাইলিং প্রশিক্ষণ নেয়া যেতে পারে। মিশন ও ইমাম প্রশিক্ষণ একাডেমির নথি কার্যক্রম ই-ফাইলে বাস্তবায়নের উদ্যোগ নেয়া যেতে পারে। | ক) ১৭ই মার্চ ২০২০ হতে অর্থের ভাউচার সংশ্লিষ্ট নথি ব্যতীত প্রধান কার্যালয়ে সকল ক্ষেত্রে ই-ফাইলিং নিশ্চিত করতে হবে। মহাপরিচালকের নিকট কোন হার্ডকপি উপস্থাপন করা যাবে না। | পরিচালক আইসিটি বিভাগ |
| ১০ | বায়তুল মুকাররম মসজিদ ও মার্কেট বিভাগ | ইসলামিক ফাউন্ডেশনের আইন উপদেষ্টার মেয়াদ শেষ। এ বিষয়ে মসজিদ ও মার্কেট বিভাগের পরিচালক আলোচনা করেন।<br>বায়তুল মুকাররম মার্কেট উন্নয়নের বিষয়ে আলোচনা হয়। এছাড়া টিপু সুলতান রোডস্থ ইসলামিক ফাউন্ডেশনের জায়গা অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এ বিষয়ে আলোচনা করা হয়। | ক) আইন উপদেষ্টা কেস টু কেস সম্মানীর ভিত্তিতে প্যানেলের মাধ্যমে নিয়োগের বিষয়ে নথি উপস্থাপন করবেন।<br>খ) টিপু সুলতান রোডস্থ ইসলামিক ফাউন্ডেশনের জমি উন্নয়ন এবং বায়তুল মুকাররম মসজিদ, মিনার ও মার্কেটের উন্নয়নের প্রস্তাবিত ধারনাপত্র একত্র করার জন্য নিম্নোক্ত কমিটি করা হলো :<br>১. পরিচালক, মসজিদ ও মার্কেট<br>২. পরিচালক, দীনি দাওয়াত ও সংস্কৃতি<br>৩. জনাব শফিকুর রহমান তালুকদার, প্রকল্প পরিচালক<br>গ) ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের সভায় অনুমোদনের মাধ্যমে অর্গানোগ্রামে প্রকৌশল বিভাগ নামে | পরিচালক, ল এন্ড স্টেট বিভাগ<br><br>গঠিত কমিটি<br><br>সচিব, ইসলামিক ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | একটি নতুন বিভাগ অন্তর্ভুক্ত করা এবং উক্ত অর্গানোগ্রামে একটি বিএসসি ইঞ্জিনিয়ার পদ সৃজন করতে হবে।<br>জ) মসজিদ ও মার্কেট শাখায় নিয়োগকৃত খাদেম, সুইপার, মালি ও দারোয়ানদের তালিকা করে প্রশাসন বিভাগে স্বস্থানে পদায়নের ব্যবস্থা করতে হবে। | |
| ১১ | যাকাত বিভাগ | যাকাত পুনর্গঠন করার বিষয়ে খসড়া প্রস্তাব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | যাকাত কমিটি পুনর্গঠন করার বিষয়ে খসড়া প্রস্তাব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করবেন। | পরিচালক, যাকাত বোর্ড |
| ১২ | অডিট সেল | ইসলামিক ফাউন্ডেশনের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। | ইসলামিক ফাউন্ডেশনের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোক্ত কমিটি জবাব প্রস্তুত এবং আপত্তি অনুযায়ী নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করবেন।<br>১. সচিব, ইসলামিক ফাউন্ডেশন, আহ্বায়ক<br>২. উপ-সচিব, ইফা, সদস্য<br>৩. পরিচালক, অর্থ ও হিসাব, সদস্য<br>৪. পরিচালক, সমন্বয়, সদস্য<br>৫. পরিচালক, অডিট সেল, সদস্য-সচিব | পরিচালক, অডিট সেল এবং গঠিত কমিটি। |
| ১৩ | বিবিধ | ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন সময়ে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ৯টি গাড়ী সরকারী নিয়মে ফেরত দিতে হয় কিন্তু ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, ৬৪ জেলা, ৫০টি মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমীর কার্যক্রম ১৯৮৪ সালের তুলনায় জনবলসহ বিভিন্ন কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। অর্গানোগ্রামে মাত্র ১১টি গাড়ী আছে, ব্যবহার অনুপযোগী গাড়ী অকেজো ঘোষনা করা এবং নতুন প্রকল্পের প্রস্তাবে অন্যান্য গাড়ী সংযুক্ত করে ডিপিপি প্রস্তুত করা যেতে পারে।<br>খ) ইসলামিক ফাউন্ডেশনের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় সমাপ্ত প্রকল্পের গাড়ী নতুন করে অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করে ধর্ম মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। | ক) ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন সময়ে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অকেজো গাড়ী তালিকা করে ব্যবহার অনুপযোগি ঘোষনা করতে হবে এবং ব্যবহারযোগ্য গাড়ী নতুন প্রকল্পের প্রস্তাবে সংযুক্ত করে ডিপিপি প্রস্তুত করতে হবে।<br>খ) ইসলামিক ফাউন্ডেশনের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় সমাপ্ত প্রকল্পের যে গাড়ী ব্যবহার উপযোগি অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করার জন্য ধর্ম মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | সচিব ইসলামিক ফাউন্ডেশন ও পরিচালক, পরিকল্পনা বিভাগ |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস মাহমুদ
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন।
ফোন : ৮১৮১৫১৬
email : dg_if@yahoo.com